সংবাদ

তারিখ 31 OCT 2016
পৃষ্ঠা ৬ কলাম ৮

# রায়পুরায় বৃত্তি পেল ১০২২ শিক্ষার্থী

প্রতিনিধি, রায়পুরা (নরসিংদী)

নরসিংদীর রায়পুরায় রাজিউদ্দিন আহমেদ রাজু অডিটরিয়ামে শনিবার জেলার ৬টি উপজেলার এসএসসি, এইচএসসি ও সমমান পর্যায়ের ২০১৫ সালে জিপিএ-৫ প্রাপ্ত ১০২২ কৃতী শিক্ষার্থীকে সংবর্ধনা ও শিক্ষা বৃত্তি প্রদানের আয়োজন করে নরসিংদী জেলা পরিষদ। জেলা পরিষদ প্রশাসক অ্যাড. আসাদোজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সাবেক মন্ত্রী রাজিউদ্দিন আহেম্মদ রাজু এমপি। বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সিদ্দিকুর রহমান, উপজেলা চেয়ারম্যান মো. মিজানুর রহমান চৌধুরী, নির্বাহী কর্মকর্তা মো. আবদুল মতিন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মো. আফজাল হোসাইন, সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আ. সাদেক, পৌর আওয়ামী লীগের সভাপতি মো. মাহবুব আলম শাহীন, রায়পুরা কলেজের অধ্যক্ষ মো. আমজাদ হোসেন প্রমুখ।

অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা আওয়ামী লীগের ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মো. মহসিন খন্দকার। পরে আমন্ত্রিত অতিথিবৃন্দের হাত থেকে জেলার ১০২২ জন শিক্ষার্থী শিক্ষাবৃত্তি গ্রহণ করেন।